ঝিনাইদহ জেলার শ্রেষ্ঠ চেয়ারম্যান নির্বাচিত শফিকুল ইসলাম শিমুল

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার ১০ নং বগুড়া ইউনিয়নের চেয়ারম্যান শফিকুল ইসলাম শিমুল জেলার শ্রেষ্ঠ চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন।

আজ সোমবার ঝিনাইদহ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত স্টাফ রিভিই সভায় জেলার শ্রেষ্ঠ জনপ্রতিনিধি (চেয়ারম্যান) হিসেবে তার নাম ঘোষনা করা হয়। এজন্য তাকে সম্মাননা ও সনদপত্র প্রদান করা হয়েছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, ঝিনাইদহ জেলা প্রশাসক এস,এম রফিকুল ইসলাম।

জেলা প্রশাসকের উদ্যোগে মাসিক স্টাফ রিভিউ সভায় কর্মক্ষেত্রে সঠিক ভাবে, সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য শ্রেষ্ঠত্বের স্বীকৃতি স্বরুপ শফিকুল ইসলাম শিমুলকে পুরস্কৃত করা হয়।

অনুষ্ঠানে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রথীন্দ্রনাথ রায়, স্থানীয় সরকারের উপ-পরিচালক ইয়ারুল ইসলামসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। শফিকুল ইসলাম শিমুলের এ অর্জনে বগুড়া ইউনিয়নবাসী তথা শৈলকুপাবাসী আনন্দিত এবং গর্বিত। এ সাফল্য অব্যাহত থাকুক সেটাই কামনা করেছে সর্বস্তরের মানুষ।

এছাড়াও স্টাফ রিভিউ সভায় জেলার শ্রেষ্ঠ কর্মকর্তা, কর্মচারীদের হাতে এই পুরস্কার তুলে দেওয়া হয়।